

# ৭ বছরে আনন্দধারা

আগের দিনই বোঝা গেল জমজমাট আয়োজনের প্রস্তুতি। সাপ্তাহিক ২০০০ আর পাক্ষিক আনন্দধারার করিডোরে সাজ সাজ রব। পুরো করিডোর জুড়ে টাঙ্গানো হচ্ছে সামিয়ানা। অফিস রুমে কর্মকর্তাদের চলছে আয়োজন প্রস্তুতি নিয়ে আলোচনা। পুরো অফিস জুড়েই একটা উৎসব উৎসব আমেজ।

৩ জুন সকাল ১১টার মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন। আনন্দধারার সব বিভাগের কর্মরত সবাই চলে এসেছেন। এসেছেন সম্পাদক শাহাদত চৌধুরী। এরই মধ্যে অতিথিদের আসা শুরু। প্রথমেই এলেন বিউটিশিয়ান ফারজানা শাকিল। ফুল দিয়ে শুভেচ্ছা জানানেন। এরপর একে একে আসতে থাকলেন আমন্ত্রিত অতিথিরা আবুল হায়াত, শর্মিলী আহমেদ, টনি ডায়েস, প্রিয়া ডায়েস, সুবীর নন্দী, তপন চৌধুরী, আসিফ আকবর এরই মধ্যে চলে এলেন।

করিডোরেই চলছে তাদের আড্ডা। সামিয়ানার এক পাশে



আমন্ত্রিত অতিথিদের দিয়ে কেক কেটে অনুষ্ঠান শুরু



নেসক্যাফের দুই কর্মকর্তা আশরাফ বিন তাজ ও নকীব খান



শুভেচ্ছা অটোগ্রাফ দিচ্ছেন ফেরদৌস



আইয়ুব বাচ্চুর গান। সঙ্গে আমন্ত্রিত অতিথিরা



শহীদুজ্জামান সেলিম, শ্রাবন্তী ও বিজরীর উচ্ছাস



একসঙ্গে গাইছেন আসিফ, সুবীর নন্দী ও তপন চৌধুরী



অতিথিদের জম্পেশ আড্ডার ফাঁকে ফটোসেশন



তারিন ও সেলিমের শুভেচ্ছা



জমে ওঠা তারকা সমাবেশের একাংশ



নেসক্যাফের কফির ধোয়ায় ইলিয়াস কাঞ্চন



গান গাইছেন বিজরী আর হারমোনিয়ামে ইমন

বড় একটা ব্যানার। তাতে একপাশে ছোট্ট একটা শিশুর হাতে ৭টি গোলাপ। অপর পাশে লেখা 'আনন্দধারা ৭ বছরে পা দিল সবার শুভেচ্ছা নিয়ে...। তার নিচেই গাছ দিয়ে সাজানো। এক পাশে অতিথি আপ্যায়নের জন্য দুটি টেবিল। একটি টেবিলে লুচি, সবজী আর মুরগীর রেজালা। পাশের টেবিলে ন্যাস ক্যাফের সৌজন্যে কফির আয়োজন। উল্টো পাশে ইমপ্রেস টেলিফিল্মের শুভেচ্ছা সরূপ



গানে গানে মেতে ওঠা। রফিকুল আলম ও আবিদা সুলতানা

পাঠানো নানা রকম মিষ্টি সমাহার। পুরো অফিস ফুল আর মোম দিয়ে সাজানো। আনন্দধারার সম্পাদক শাহাদত চৌধুরী আমন্ত্রিত অতিথি অভিনয় শিল্পী আবুল হায়াত ও শর্মিলী আহমেদ কে দিয়ে কেক কাটিয়ে শুরু করলেন অনুষ্ঠান। সঙ্গে ছিলেন আনন্দধারার নির্বাহী সম্পাদক অরুন চৌধুরী, সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক মোহসিনউল আদনান, কণ্ঠ শিল্পী সুবীর নন্দী, তপন চৌধুরী, আসিফ প্রমুখ। আনন্দধারার মূল অফিস রুমে বসে গানের আসর। প্রথমে হারমোনিয়াম ধরলেন সুবীর নন্দী ও তপন চৌধুরী। গেয়ে চললেন একের পর এক গান। এই শুরু। শেষ হল রাত ৯টায়। সারাদিন ব্যাপী চললো মিডিয়ার বিভিন্ন মাধ্যমের তারকা ও বিশিষ্ট ব্যক্তিদের জম-জমাট আড্ডা, গান, নাচ আর খাওয়া-দাওয়া। এভাবেই পালন করা হল আনন্দধারার ৭ বছরের পা দেওয়ার অনুষ্ঠান।

আরিফ খান